

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডে দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে ১৩ অক্টোবর, ২০২২ তারিখে অনুষ্ঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতা/অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি	: মুঃ মোহসিন চৌধুরী, মহাপরিচালক (সচিব)
সভার তারিখ	: ১৩ অক্টোবর, ২০২২
সভার সময়	: সকাল ১১.০০ টা।
স্থান	: বোর্ডের সভাকক্ষ, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড।
উপস্থিতি	: সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট - "ক" তে দেখানো হলো।

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের দাপ্তরিক কর্মকাণ্ড ও সেবা প্রদান কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের লক্ষ্যে বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতিতে বিদ্যমান সেবাসমূহ এবং সেবা প্রদান পদ্ধতি সম্পর্কে বিশদভাবে সভায় অবহিত করেন। বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতির বিষয়ে সভায় উপস্থিত সকলে নিম্নোক্ত আলোচনা/মতামত ব্যক্ত করেন।

২.০ জনাব মোঃ শাহিন, অফিস সহায়ক, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা সভায় বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড কর্তৃক প্রাপ্ত সেবার বিষয়ে গৃহীত পদক্ষেপসমূহ নিয়ে সন্তোষ প্রকাশ করেন। ভবিষ্যতে বাস সার্ভিস কর্মসূচির সেবার মান বৃদ্ধিকল্পে মোহাম্মদপুর টু জিগাতলা রুটের বাসের ব্যাপারে বলেন যে, সকালে দুটি বাস গেলেও বিকালে ১ টি বাস চলাচল করে। এর ফলে অনেক যাত্রী দাঁড়িয়ে যেতে হয়। তিনি বিকালেও ২টি বাস চলাচলের ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন।

৩.০ জনাব জয়নাল আবেদীন, প্রশাসনিক কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা জানান যে, তীর রুটে (সচিবালয়-বাসাবো) দোতারা বাসের সাথে অনেক সময় গাছের ডাল লেগে যায়। এছাড়া বাসটি দোতারা হওয়ায় নন্দীপাড়া থেকে অনেক যাত্রীকে আসতে হয় যাদের অন্য কোন যানের মাধ্যমে বাসাবো এসে বড় গাড়ীতে উঠতে হয়। এজন্য তিনি তীর রুটে দোতারা বাস পর্যন্ত আসার জন্য একটি মিনিবাসের ব্যবস্থা করার অনুরোধ করেন। এছাড়া তিনি বিআরটিসি বাস এর বিভিন্ন সমস্যার কথা তুলে ধরেন।

৪.০ জনাব শেফালী আক্তার, অফিস সহকারী, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা সভায় তার চিকিৎসার আবেদন মঞ্জুরি হবার পর ইএফটি বার্তা পেয়েছিলেন। কিন্তু ব্যাংক হিসাব নম্বর ভুল থাকায় অনুদানের অর্থ একাউন্টে না ঢোকায় পুনরায় আবেদন করেন কিন্তু এখনও অর্থ পাননি বলে জানান। তার অনুকূলে অনুমোদিত অর্থ পরিশোধের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করেন।

৫.০ জনাব মোঃ এহসানুল হক, ক্যাটালগার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা সচিবালয় টু সানারপাড় রুটের যাত্রী বেশী হওয়ায় ঐ রুটে আরও গাড়ী বাড়ানোর ব্যবস্থা করার জন্য অনুরোধ করেন।

৬.০ জনাব সোহাগ, ক্যাটালগার, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, ঢাকা জানান যে, তালতলা টু সচিবালয় রুটের ৩টি বাস চালু রয়েছে যার ১টি বাস ৭.১৫ টায় ছেড়ে আসায় যাত্রী বেশী হয় এবং অপর দুটি গাড়ী ৭.০০ টায় ছাড়ে বিধায় যাত্রী সিট অপেক্ষা কম হয়। তিনি সবগুলো গাড়ী একই সময়ে ছাড়ার অনুরোধ জানান। তিনি আরও উল্লেখ করেন যে, ঐসব গাড়ীতে টিকেট চেকিং এবং সিটে বসা নিয়ে অনেক গুপিং হয় যার কারণে নতুন যাত্রীদের বিড়ম্বনা পোহাতে হয়।

৭.০ জনাব মোঃ জালাল উদ্দীন চৌধুরী, ব্যক্তিগত সহকারী, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় জানান যে, শিক্ষাবৃত্তি ১৩-২০ গ্রেডের কর্মচারীদের সন্তানদের প্রদান করা হচ্ছে। ১০ম গ্রেডের কর্মচারীর সন্তানদের ক্ষেত্রেও শিক্ষাবৃত্তি প্রদানের ব্যবস্থা রাখার সুপারিশ করেন।

৮.০ পরিশেষে সভাপতি সম্মাপনী বক্তব্যে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হয়:

- (ক) দোতলা বাস চলাচলের রাস্তায় গাছের ডাল কাটার জন্য ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনকে চিঠি দিতে হবে;
- (খ) স্টাফবাস সার্ভিস সেবার মান বৃদ্ধির লক্ষে যুগোপযোগী পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে আরও উদ্যোগী হতে হবে;
- (গ) বাসরুট, নির্দিষ্ট সময়ে বাস ছাড়া, জরাজীর্ণ বাস প্রতিস্থাপন ইত্যাদি বিষয়ে উন্নয়ন অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- (ঘ) কর্মচারী কল্যাণ বোর্ডের সেবা প্রাপ্তির ক্ষেত্রে সেবাগ্রহীতাগণের কোনো পরামর্শ থাকলে তা বোর্ডকে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হয়;
- (ঙ) যথাসময়ে নতুন বাস ক্রয় করে সেবার মান বৃদ্ধি করে বাসভাড়া বৃদ্ধি করতে হবে।

৯.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে সক্রিয় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


স্বা/-  
(মুঃ মোহসিন চৌধুরী)  
মহাপরিচালক (সচিব)

নথি নং ০৫.৮১.০০০০.০০৭.১৬.০১১.২২. ২৭৫

তারিখ: ২৪/১০/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ০১। অতিরিক্ত সচিব, শৃঙ্খলা-১ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ০২। পরিচালক (প্রশাসন)/ পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। উপপরিচালক (প্রশাসন/উন্নয়ন/অর্থ ও বাজেট), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। মহাপরিচালক এর একান্ত সচিব, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। সহকারী পরিচালক (প্রশাসন/কর্মসূচি/চিকিৎসা/কল্যাণ), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। হিসাবরক্ষণ কর্মকর্তা (কল্যাণ তহবিল)/ (বোর্ড তহবিল), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৮। অফিস কপি/ওয়েবসাইট

  
(এ কে এম ফজলুন্নেছা)  
পরিচালক (প্রশাসন)